

কাম্বেলটাউন বাংলা স্কুলের ঈদ পুনর্মিলনী অনুষ্ঠিত

কামরুন নাহার নিপাঃ গত ১২ই নভেম্বর কাম্বেলটাউন বাংলা স্কুলের আয়জনে ঈদ পুনর্মিলনী অনুষ্ঠিত হয়ে গেল। বাঙ্গালিদের সরব উপস্থিতিতে স্কুল প্রাঙ্গণে এক উৎসবমুখর পরিবেশ তৈরি হয়। কাম্বেলটাউন বাংলা স্কুল



অনেক দিন থেকেই প্রবাসী বাংলাদেশীদের নিয়ে এই উৎসবের আয়োজন করে আসছে। এই অনুষ্ঠানটি সকল বাংলাদেশীদের জন্য উন্মুক্ত থাকে। গান, কবিতা, কৌতুক আর হাসিতে মেতে উঠে সকল উপস্থিত বাঙালি। অনুষ্ঠানের শুরুতে শুভেচ্ছা বক্তব্য রাখেন স্কুলের প্রাক্তন সভাপতি বিশিষ্ট মুক্তিযোদ্ধা জনাব গোলাম মওলা, সহ-সভাপতি ড.বজলুল করিম এবং স্কুলের বর্তমান সভাপতি ডঃ খায়রুল চৌধুরী। অনুষ্ঠানে গান পরিবেশন করেন কামরুন নাহার নিপা, মাসুদ মিথুন, মিজানুর রহমান তরুন, নাজমুল খান। কৌতুক পরিবেশন করেন নাজমুল খান এবং মোসলেম মিয়া। স্কুলের শিক্ষার্থীরা সমবেত কণ্ঠে জাতীয় সঙ্গীত পরিবেশন করে। তাদের সাথে উপস্থিত সকল বাংলাদেশী গানে অংশগ্রহণ করেন এবং দাঁড়িয়ে বাংলাদেশের প্রতি সম্মান জানান। সাংস্কৃতিক অনুষ্ঠানটি পরিচালনা করেন স্কুলের সাংস্কৃতিক সম্পাদক নাজমুল খান এবং সভা পরিচালনা করেন স্কুলের সাধারণ সম্পাদক জনাব, মাসুদ চৌধুরী। তিনি তার বক্তবে সকল উপস্থিত বাংলাদেশীদের ধন্যবাদ জানান। সবশেষে সকলের জন্য খাবার পরিবেশন করা হয়।